শরীয়তপুর-১ আসনে জামায়াতের প্রার্থীর প্রচারণা তুঙ্গে, বিএনপি প্রার্থীর মনোনয়ন পরিবর্তন চায় দলীয় নেতাকর্মীদের একাংশ

শরীয়তপুর সংবাদদাতা ॥
শরীয়তপুর-,০১ শরীয়তপুর (সদর-জাজিরা) আসনে বাংলাদেশ জামায়াতে ইসলামীর পক্ষ থেকে দলীয় প্রার্থী হিসেবে প্রচারণা চালাচ্ছেন ড. মোশারফ হোসেন মাসুদ। তিনি বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক সভাপতি ও কেন্দ্রীয় কার্যকরী পরিষদ সদস্য । তিনি আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে শরীয়তপুর-১ নির্বাচনী এলাকা শরীয়তপুর (সদর ও জাজিরা) উপজেলার প্রত্যেকটি গ্রামে ব্যাপক গণসংযোগ চালিয়ে যাচ্ছেন। এ আসনে জামায়াত প্রার্থী ড. মোশারফ হোসেন মাসুদ তার ব্যক্তিগত ইমেজ ও সামাজিক ভূমিকার কারণে দলীয় ও সাধারণ ভোটারদের কাছে জনপ্রিয়তার শীর্ষে রয়েছেন বলে ভোটাররা মন্তব্য করেছেন। বাংলাদেশ জামায়াতে ইসলামী শরীয়তপুর জেলা নায়েবে আমীর কেএম মকবুল হোসাইন বলেন, শরীয়তপুর-১ আসনে ড. মোশারফ হোসেন মাসুদ ব্যতীত জোটের নীতি নির্ধারকরা যদি অন্য কোন প্রার্থী নিয়ে চিন্তা করেন, তাহলে তারা জামানত হারাবেন বলে সাধারণ ভোটাররা মন্তব্য করেছেন। নির্বাচনী মাঠে এখন পযর্ন্ত জনপ্রিয়তার শীর্ষে রয়েছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর প্রার্থী ড. মোশারফ হোসেন মাসুদ-এ বিষয়ে কোন সন্দেহ নেই।
এদিকে শরীয়তপুর-১ আসন বিএনপি দলীয় মনোনয়নকে ঘিরে দলীয় নেতাকর্মীদের মধ্যে বাড়ছে উত্তেজনা। মাথাচাড়া দিয়ে ওঠেছে দলীয় অন্তর্কোন্দল ও মনোনয়ন-সংকট। বিশেষ করে বিএনপির ঘোষিত দলীয় প্রার্থী সাঈদ আহমেদ আসলামকে কেন্দ্র করে তৃণমূল নেতাকর্মীদের মধ্যে শুরু হয়েছে তীব্র মতবিরোধ, যা প্রতিদিনই নতুন নতুন রূপ নিচ্ছে। শরীয়তপুর-০১ আসনে তাকে মেনে নিতে পারছে না তৃণমূলের নেতাকর্মী ও সাধারণ ভোটাররা। প্রায় প্রতিদিনই, সাঈদ আহমেদ

পরিণতি ভাল হয়না। শরীয়তপুর-১ আসনে বিএনপির অভ্যন্তরীণ বিভক্তি যদি দ্রুত নিরসন করা না হয়, তাহলে এ আসনে সরাসরি লাভবান হবে প্রতিদ্বন্দ্বী প্রার্থীরা।
এ বিষয়ে শরীয়তপুর-১ আসনের বিএনপি মনোনীত প্রার্থী সাঈদ আহমেদ আসলাম বলেন, “আমরা প্রতিহিংসার রাজনীতি বিশ্বাস করি না, সবাইকে নিয়ে ঐক্যবদ্ধভাবে কাজ করতে চাই।”